গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ১৩ অক্টোবর ২০২১, বুধবার
সময় : বিকাল ৪:০০ ঘটিকায়
সভাপতি : হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি সকলকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৪৩ সংখ্যক পরিপত্র মোতাবেক ১৮ অক্টোবর-কে 'শেখ রাসেল দিবস' হিসেবে পালন এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত হিসেবে ঘোষণা করা হয়েছে। এবারই দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে প্রথম বারের মত দিবসটি উদযাপন করা হচ্ছে। দিবসটির প্রতিপাদ্য হলো

'শেখ রাসেল
দীপ্ত জয়োল্লাস
অদম্য আত্মবিশ্বাস'

০২। ২১ আগস্ট ২০২১ তারিখ এবং ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এর সভাপতিত্বে আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয় এবং ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে শেখ রাসেল দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় উদযাপন কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১২/১০/২০২১ তারিখের ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৫৬.২০-২২১ সংখ্যক পত্র মোতাবেক ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেল দিবস ২০২১ উদযাপনের জন্য বিস্তারিত কর্মসূচি প্রণয়নপূর্বক প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১২ অক্টোবর ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১২.১৮.০১৪.২১.৪৩৪ সংখ্যক পত্রের মাধ্যমে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সে অনুযায়ী আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব দীপক চক্রবর্ত্তী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সময় | কর্মসূচি | বাস্তবায়ন/দায়িত্ব |
|---|---|---|---|
| ১। | - | স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ স্ব-স্ব অনুষ্ঠানসূচি অনুযায়ী নিজ উদ্যোগে দিবসটি উদযাপন করবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ২। | সকাল ০৭.০০ | ক) শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;<br>খ) স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকায় অবস্থিত আওতাধীন দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ ডিপিএইচই ভবনে শেখ রাসেল-এর নির্বাচিত ছবি/মুর্যাল/ প্রতিকৃতিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পন করবেন। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৩। | সকাল ০৯.৩০ | মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে উদ্বোধনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেখ রাসেল ডিজিটাল ল্যাব-এ একযোগে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করতে হবে; | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৪। | সুবিধাজনক সময়ে | শেখ রাসেল এর আত্মার মাগফিরাত কামনা করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত ও মিলাদ এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৫ | সুবিধাজনক সময়ে | ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ 'শেখ রাসেল দিবস' উপলক্ষ্যে আলোচনা সভা/সেমিনার আয়োজন | |
| | | খ) ১৮ অক্টোবর ২০২১ তারিখ স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে কেন্দ্রীয়ভাবে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। উক্ত আলোচনা সভার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি এবং সভাপতিত্ব করবেন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দিন আহমদ। উক্ত অনুষ্ঠানে দপ্তর/সংস্থার প্রধানগণ ভার্চুয়ালি অংশগ্রহণ করতে পারবেন। | |

| ক্রমিক নং | সময় | কর্মসূচি | বাস্তবায়ন/দায়িত্ব |
|---|---|---|---|
| ৬ | সুবিধাজনক সময়ে | সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পৌর ডিজিটাল সেন্টারসহ সকল সিটি কর্পোরেশনের বিলবোর্ডে দিবসটি উপলক্ষ্যে এটুআই প্রোগ্রাম কর্তৃক তৈরীকৃত ৩৬০° ব্যান্ডিং সংক্রান্ত ভিডিও/টিভিসি প্রচার করতে হবে | ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহ |
| ৭ (ক) | - | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবে অথবা দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৭ (খ) | - | স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে। | স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ |

সভাপতি শেখ রাসেল দিবস পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভা সমাপ্ত করেন।

১৪/১০/২০২১

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২০-১০৬০/১(১১) তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি/কার্যার্থেঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।

৪। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।

৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৭। উপসচিব/পরিচালক (সকল),স্থানীয় সরকার বিভাগ।

৮। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।

৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

১০। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

১১। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকোশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/গাজীপুর/সিলেট সিটি কর্পোরেশন।

৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন ।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণ দপ্তর, ঢাকা।

১৪/১০/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন- ২২৩৩৫৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd